বিদ্যুৎবিহীন অন্ধকারে নিমজ্জিত আলমডাঙ্গার বেলগাছি ইউনিয়ন পরিষদ

আলমডাঙ্গা উপজেলার বেলগাছি ইউনিয়ন পরিষদ গত চারদিন ধরে বিদ্যুৎবিহীন অবস্থায় রয়েছে।

এক লাখ ১০ হাজার টাকা বিদ্যুৎ বিল বকেয়া থাকায় পল্লী বিদ্যুৎ কর্তৃপক্ষ সংযোগ বিচ্ছিন্ন করেছে। ফলে জনসেবামূলক কার্যক্রম ব্যাহত হচ্ছে এবং সাধারণ মানুষের দুর্ভোগ চরমে পৌঁছেছে।

জানা গেছে, বেলগাছি ইউনিয়ন পরিষদ বর্তমানে বিদ্যুৎবিহীন অন্ধকারে নিমজ্জিত। গত ২০২৫ সালের জুলাই মাসে পরিষদের সভায় এক বছরের বিদ্যুৎ বিল পরিশোধের জন্য রেজুলেশন পাস করা হয়।

পরে বর্তমান ভারপ্রাপ্ত চেয়ারম্যান মিয়ারাজ হোসেন ওই বিলের অর্থ উত্তোলন করেন। তবে অভিযোগ রয়েছে, তিনি সেই অর্থ পল্লী বিদ্যুৎ অফিসে জমা দেননি।

গত ১৮ জুন পল্লী বিদ্যুৎ অফিস ইউনিয়ন পরিষদের বিদ্যুৎ সংযোগ বিচ্ছিন্ন করে। এর ফলে পরিষদের সকল কার্যক্রম ব্যাহত হচ্ছে। সাধারণ মানুষের বিভিন্ন জনসেবামূলক কাজ বন্ধ হয়ে যাওয়ায় ভোগান্তির শেষ নেই।

এ বিষয়ে বেলগাছি ইউনিয়ন পরিষদের ভারপ্রাপ্ত চেয়ারম্যান মিয়ারাজ হোসেনের সঙ্গে মুঠোফোনে যোগাযোগ করা হলে তিনি বলেন, “আজকের মধ্যেই বকেয়া বিদ্যুৎ বিল পরিশোধ করে পুনরায় বিদ্যুৎ সংযোগ চালুর ব্যবস্থা গ্রহণের চেষ্টা করছি। আশা করি খুব দ্রুত পরিষদের স্বাভাবিক কার্যক্রম চালু করা সম্ভব হবে।”

তবে এক বছরের বকেয়া বিদ্যুৎ বিল পরিষদের সভায় অনুমোদন দিয়ে অর্থ উত্তোলনের পরও কেন তা জমা দেওয়া হয়নি এ প্রশ্নের সন্তোষজনক কোনো উত্তর দিতে পারেননি তিনি।